গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
গুরুদয়াল সরকারি কলেজ
কিশোরগঞ্জ

তারিখঃ ১৮/০৯/২০২২ খ্রি.

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

**ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)**

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজসমূহে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন ১৮ সেপ্টেম্বর বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১১ অক্টোবর ২০২২ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ **২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা** কলেজ কর্তৃক নির্ধারিত বিকাশ অ্যাপের মাধ্যমে **১১ অক্টোবর ২০২২** তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ০৯ নভেম্বর ২০২২ তারিখ থেকে শুরু হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ও নির্দেশনা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।

**আবেদনের যোগ্যতা ও শর্তাবলী :**

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সকল শাখা থেকে ২০১৭/২০১৮/২০১৯ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ এবং ২০১৯/২০২০/২০২১ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ ১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

গ) ২০১৭/২০১৮/২০১৯ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৯/২০২০/২০২১ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব, শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (deanug@nubd.info) আবেদনপত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে প্রার্থীর ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের নাম, প্রার্থিত কোর্সের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে প্রার্থীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

ঘ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অনুচ্ছেদ ১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে প্রার্থীর ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের নাম, প্রার্থিত কোর্সের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে প্রার্থীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, শিক্ষা বোর্ড কর্তৃক সমতা নিরুপনের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি ছবি সংযুক্ত করতে হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯-২০২০ অথবা ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে।

চ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ছ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

**ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণের এবং বিকাশ অ্যাপসের মাধ্যমে ফি পরিশোধের নিয়মাবলী :**

১। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন সংক্রান্ত কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে।

২। আবেদনকারী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd/admissions অথবা www.nu.ac.bd এ প্রবেশ করে যথাযথভাবে আবেদন ফরম পূরণ করে সাবমিটপূর্বক ডাউনলোড করে নিতে হবে।

৩। পূরণকৃত আবেদন ফরম এবং পেমেন্ট রিসিপ্ট/ফি জমাদানের ম্যাসেজের প্রিন্ট কপি পূরণকৃত আবেদন ফরমের সাথে সংরক্ষণ করে রাখতে হবে। পরবর্তী ভর্তির মনোনীত হলে উক্ত কাগজপত্রসমূহ ভর্তি ফরমের সাথে কলেজে জমা দিতে হবে। **প্রাথমিক আবেদনের কোন কাগজপত্রাদি কলেজে জমা দেয়ার প্রয়োজন নেই।**

৪। ভর্তির আবেদন ফরম পূরণ সংক্রান্ত যেকোনো নোটিশ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd কলেজের ওয়েবসাইট www.gdc.gov.bd/কলেজের পেইজবুক পেইজ https://www.facebook.com/gurudayalgovtcollege1943 এ পাওয়া যাবে।

**৫। ওয়েব সাইট হতে Online এ আবেদন ফরম পূরণ করলে ২৪ ঘন্টার পর বিকাশ অ্যাপসের মাধ্যমে পরীক্ষা ফি প্রদান করা যাবে।**

**৬। আবেদন ফরম পূরণের উল্লিখিত টাকা বিকাশ অ্যাপসের মাধ্যমে নিম্নোক্ত পদ্ধতিতে পরিশোধ করতে হবে।**

****ফি পরিশোধ প্রক্রিয়া নিম্নরূপ:**

**ধাপ ১ : Bkash App এ Login করতে হবে।**
**ধাপ ২ : আরো/More সিলেক্ট করতে হবে।**
**ধাপ ৩ : Education Fee সিলেক্ট করতে হবে।**
**ধাপ ৪ : Gurudayal Government College সিলেক্ট করতে হবে।**
**ধাপ ৫ : স্টুডেন্ট আইডি দিতে হবে (আবেদনকারী আবেদন ফরমের সাত ডিজিটের এডমিশন রোল)**
**ধাপ ৬ : পরবর্তী ধাপসমূহ যথাযথ সম্পন্ন করুন।**

**আবেদন ফরম পূরণ সংক্রান্ত সতর্কতা :**

**১। নির্ধারিত বিকাশ Pay Bill ব্যতীত অন্য কোনভাবে পরীক্ষার আবেদন ফরমের ফি পরিশোধ করা যাবে না।**

**২। ফি পরিশোধ সংক্রান্ত ম্যাসেজ সংরক্ষণ করতে হবে।**

(প্রফেসর মোঃ জামালুর রহমান)
অধ্যক্ষ
গুরুদয়াল সরকারি কলেজ
কিশোরগঞ্জ

১৮/৯/২০২২
আহ্বায়ক
২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস)
শ্রেণির ভর্তি কমিটি
গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ